

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
আদেশ

তারিখ : ২৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/১২ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-১৪-আইন/২০২১।—বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫১ নং আইন) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শহিদ, খেতাবপ্রাপ্ত এবং যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ৫ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (২) এর দফা (গ) এ উল্লিখিত “উপজেলা সমাজসেবা কর্মকর্তা” শব্দগুলির পরিবর্তে “ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (গ) এ উল্লিখিত “উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়” শব্দগুলির পরিবর্তে “ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(২) অনুচ্ছেদ ১২ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (৫) এ উল্লিখিত “উপজেলা সমাজসেবা কার্যালয়” শব্দগুলির পরিবর্তে “অগ্রণী ব্যাংক লিমিটেড” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

( ১৫৮৯ )

মূল্য : টাকা ৪.০০

- (খ) উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত “উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়” শব্দগুলির পরিবর্তে “অগ্রণী ব্যাংক লিমিটেড” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) উপ-অনুচ্ছেদ (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৭) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৭) সংশ্লিষ্ট ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড এর কার্যালয় চূড়ান্তভাবে প্রণীত সম্মানি ভাতা প্রাপকের তালিকা সংরক্ষণ করিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খাজা মিয়া  
সচিব।